শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



নহিমিয়ের বিরাট দেওয়াল

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Jonathan Hay
অনুবাদক: Manab Biswas
অভিযোজন: Mary-Anne S.

গল্প ৬০ এর ৩৫

www.M1914.org

Bible for Children, *PO Box 3, Winnipeg, MB R3C 2G1 Canada*

স্বত্তাধিকার:গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

বাংলা

Bengali

পারস্য, একটি শক্তিশালী দেশ, সমস্ত পৃথিবী শাসন করছিল। রাজা অর্তক্ষস্ত পারস্য শাসন করছিলেন। এটা তাকে পৃথিবীর পরাক্রমশালী শাসনকর্তা হিসাবে পরিচিত করেছে।

1

একদিন নহিমিয় রাজার সামনে গম্ভীর মুখে এলেন। রাজা জানতে চাইলেন, কী হয়েছে। নহিমিয় বললেন, “হে রাজন, আপনি দীর্ঘজীবি হোন, আমি দুঃখিত তার কারণ হল যে, যে শহরে আমার বাবাকে কবর দেওয়া হয়েছে, সেই শহরটা ধ্বংস হয়েছে ও তার প্রধান ফটক পুড়ে গেছে”। নহিমিয় জেরুশালেম সম্বন্ধে বলছিলেন। যা অনেক বছর আগে যুদ্ধে ধ্বংস হয়ে গিয়েছিল।

2

রাজা অর্তক্ষস্ত জিজ্ঞাসা করলেন, “তুমি কী করতে চাও?” নহিমিয় অনুনয় করলেন, “আমাকে জেরুশালেমে যেতে দিন, যাতে আমি আবার দেওয়ালটা তৈরি করতে পারি”। রাজা অর্তক্ষস্ত রাজি হয়ে গেলেন। তিনি তাকে রাজপত্র দিলেন, যাতে ভ্রমণ করার সময় রক্ষা পায়।



3

রাজা তাকে আরও সাহায্য করেলন। তিনি আসফকে একটি পত্র দিলেন, যিনি রাজার জঙ্গলের রক্ষণাবেক্ষণ করত। তিনি আসফকে আদেশ দিলেন, শহরের দেওয়াল বানানোর জন্য যেন সে নহিমিয়কে কাঠ সরবরাহ করে।



4

নহিমিয় যখন জেরুশালেমে পৌঁছাল, তখন তিনি শহরের অধ্যক্ষদের এক করে বললেন, “আমরা সমস্যার মধ্যে আছি। শহরটা ধ্বংস হয় গেছে, আর প্রধান ফটক পুড়ে ছাই হয়ে গেছে। চল আবার শহরটাকে বানানো যাক”।

5

তিনি তাদের বললেন, রাজা অর্তক্ষস্ত অনুমোদন করেছেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, ঈশ্বর তাদের সঙ্গে ছিলেন।

6

নহিমিয়ের বিশ্বাস ও উদ্দীপনা অন্য লোকদের উৎসাহিত করল। তারা রাজি হয়ে বললেন, “চল আবার তৈরি করি”। নহিমিয় বললেন, প্রত্যেক পরিবার একটা করের ইঁট দেওয়ালে বসাবে।

7

কিন্তু সকলে দেওয়াল তৈরি করতে রাজি হল না।

8

সনবল্লট নামে একজন লোক ও তার দুই বন্ধু টোবিয় ও গেশম যিহূদী ছিল না, তারা দেওয়ালটা আবার তৈরি করতে অথবা ফটকটা লাগাতে চাইছিল না।



9

যেই কাজ শুরু হল - সনবল্লট ভীষণ রেগে গেল। সে ও তার বন্ধুরা যিহূদীদের ঠাট্টা করতে লাগল। টোবিয় বলল, “পুঁচকে দেওয়ালটা বানাতে কতদিন লাগবে, একটা ছোট শেয়াল তা ভেঙ্গে দেবে”। নহিমিয় কোনও উত্তর দিলন না, বরং তিনি ঈশ্বরের কাছে প্রার্থনা করলেন। ঈশ্বর তাদের ব্যবস্থা করবেন।

10

যখন তাদের ঠাট্টা-তামাসা কোনও প্রভাব ফেলল না, তখন তারা একসাথে চক্রান্ত করল যে, জেরুশালেমের বিরুদ্ধে লড়বে ও যতটা সম্ভব পারা যায়, সমস্যা তৈরি করবে।

11

আবার নহিমিয় ঈশ্বরের কাছে সাহায্যের জন্য প্রার্থনা করলেন। তিনি দেওয়ালটা দেখার জন্য রাতে ও দিনে রক্ষী রাখলেন, যাতে তারা আচমকা হামলা করতে না পারে।

12

ইহুদিরা কঠিন পরিশ্রম করতে লাগল, তারা উদ্বিগ্ন হতে লাগল। তাদের মধ্যে অনেকে ভীত হয়ে পড়েছিল যে, কাজ করার সময় হয়তো শত্রুরা এসে তাদের হত্যা করবে।



13

তবুও নহিমিয় এই প্রকল্পের কাজ থামালেন না। তিনি কর্মচারীদের চারপাশে রক্ষী বসালেন ও তাদের স্মরণ করিয়ে দিলেন যে, ঈশ্বর তোমাদের সহবর্তী ছিলেন ও ঈশ্বর তোমাদের শত্রুদের থেকে শক্তিশালী।



14


নহিমিয় সুন্দর উদাহরণ হয়েছিলেন।
15
রাজা অর্তক্ষস্ত তাকে জেরুশালেমের রাজ্যপাল বানিয়ে লোকদের কাছে খাদ্য ও টাকা চাওয়ার অধিকার দিলেন, কিন্তু তিনি এটা করলেন না। দেওয়াল বানানোর জন্য তিনি লোকদের সাথে কঠিন পরিশ্রম করলেন।
16
তিনি নিজের পয়সা দিয়ে খাদ্য কিনেছিলেন।
17
অবশেষে লোকেরা দেওয়ালটা বানানো সম্পূর্ণ করল ও শুধু প্রধান প্রবেশ দ্বারের দরজা লাগাতে বাকি ছিল। যখন সনবল্লট, টোবিয় ও গেশম শুনল যে, দেওয়ালে কোনও ফাঁক নেই, তখন তারা নহিমিয়কে মারার পরিকল্পনা করল।
18
তারা নহিমিয়েরর সাথে সাক্ষাত করার জন্য বার্তা পাঠিয়ে জানাল যে, ওনো নামক এক জায়গায় তারা দেখা করবে। কিন্তু তিনি জানতেন যে, তারা তাকে চক্রান্ত করে শহরের বাইরে বার করে দিয়ে আঘাত করবে। তিনি তাদের লিখে জানালেন, তাদের সাথে সাক্ষাত করার জন্য তিনি তার কাজ ছেড়ে আসবেন না।
I cannot come
19
অবশেষে দেওয়াল বানানো শেষ হয়ে গেল ও নহিমিয় এটা
রক্ষা করার জন্য পাহারা বসালেন।
20



নহিমিয়ের বিরাট দেওয়াল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

নহিমিয়

"তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।"
গীতসংহিতা ১১৯:১৩০

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু।

ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। এখন ঈশ্বর আমাদের পাপ ক্ষমা করতে পারেন।

আপনি যদি আপনার পাপ থেকে মন ফিরাতে চান তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:
প্রিয় প্রভু, আমি বিশ্বাস করি যীশু আমার জন্য মরেছেন এবং আবার জীবিত হয়েছেন। দয়াকরে আমার জীবনে এসো, যেন আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে বেচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!